এনভয় টেক্সটাইলস লিমিটেড

কর্পোরেট/রেজিষ্টার্ড অফিসঃ এনভয় টাওয়ার (৬ষ্ট-৯ম তলা), ১৮/ই, লেক সার্কাস কলাবাগান, পশ্চিম পান্থপথ, ঢাকা-১২০৫

১৯তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এই মর্মে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এনভয় টেক্সটাইল্স লিমিটেড এর সম্মানিত শেয়ারহোল্ডারদের ১৯তম বার্ষিক সাধারণ সভা আগামী ২৪শে ডিসেম্বর ২০১৪, বুধবার, সকাল ১০.০০ ঘটিকায় সামারাই কনভেনশন সেন্টার, ২৩/জি/৭ পান্থপথ (বসুন্ধরা সিটি মার্কেটের বিপরীতে), ঢাকা-১২০৫ এ নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনের নিমিত্তে অনুষ্ঠিত হবেঃ

সাধারণ আলোচ্যসূচী

আলোচ্যসূচী ১ঃ ৩০শে সেপ্টেম্বর, ২০১৪ তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরনী এবং এর উপর পরিচালনা পর্ষদ ও নিরীক্ষকদের প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।

আলোচ্যসূচী ২ঃ ৩০শে সেপ্টেম্বর, ২০১৪ তারিখে সমাপ্ত বছরের লভ্যাংশ ঘোষনা।

আলোচ্যসূচী ৩ঃ অত্র কোম্পানীর সংঘ-বিধি অনুযায়ী পরিচালকমন্ডলী নির্বাচন।

আলোচ্যসূচী ৪ঃ নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।

বিশেষ আলোচ্যসূচী

আলোচ্যসূচী ৫ঃ কোম্পানীর অনুমোদিত মূলধন ২৭৫ কোটি টাকা থেকে বাড়িয়ে ৪০০ কোটি টাকায় উন্নীত করা এবং কোম্পানীর সংঘস্বারকের অনুচ্ছেদ ই ও সংঘবিধির বিধি নং ৬ তে এ সংক্রান্ত পরিবর্তন সাধনের উদ্দেশ্যে বিশেষ সিদ্ধান্ত গ্রহণ।

পরিচালনা পর্ষদের নির্দেশক্রমে

এম সাইফুল ইসলাম চৌধুরী এসিএস
কোম্পানী সচিব

বৃহস্পতিবার, ২০শে নভেম্বর ২০১৪
ঢাকা

দ্রষ্টব্যঃ

- ১৯তম বার্ষিক সাধারণ সভার 'রেকর্ড ডেট' আগামী ২রা ডিসেম্বর, ২০১৪। উক্ত তারিখে যে সকল শেয়ারহোল্ডারের নাম সিডিএস ব্যবস্থাধীন শেয়ার রেজিস্টারে অন্তর্ভুক্ত থাকবে, তাঁরা সভায় উপস্থিত থেকে কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন এবং লভ্যাংশ গ্রহনের উপযুক্ত বলে বিবেচিত হবেন।
- যথাযথভাবে পূরণকৃত প্রয়োজনীয় মূল্যের রাজস্ব ষ্ট্যাম্প সংযুক্ত প্রক্সি ফরম বা পাওয়ার অব এটর্নি সভা শুরুর অন্তত ৪৮ ঘন্টা পূর্বে, অবশ্যই কোম্পানীর রেজিষ্টার্ড অফিসে জমা দিতে হবে।
- বার্ষিক প্রতিবেদনের পৃষ্ঠা নং ৫ এ বিশেষ আলোচ্যসূচীর বিষয়ে বিস্তারিত উল্লেখ করা হয়েছে।
- শেয়ারহোল্ডারগণকে তাঁদের স্ব স্ব বিও হিসেবে রক্ষিত TIN ও ব্যাংক তথ্যাদি হালনাগাদ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- বার্ষিক প্রতিবেদন কোম্পানীর ওয়েবসাইট www.envoytextiles.com থেকেও সংগ্রহ করা যাবে।

বিশেষ দ্রষ্টব্যঃ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা অনুযায়ী আসন্ন বার্ষিক সাধারণ সভায় কোন প্রকার উপহার/খাবার প্রদানের ব্যবস্থা থাকবে না।

Size : 7" x 3 col.